

বাংলাদেশ মেশিন টুলস্ ফ্যাক্টরী লিমিটেড

(বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক পরিচালিত একটি বাণিজ্যিক প্রতিষ্ঠান)

টেলিফোন নং-০২-৯৯৬৬১৮০৭২-৭৭, ফ্যাক্স-৯২০৫০৯৭

গাজীপুর সেনানিবাস, গাজীপুর

নিয়োগ বিজ্ঞপ্তি

১। বিএমটিএফ লিঃ জয়দেবপুর, গাজীপুর (ফুটওয়্যার এন্ড লেদার ফ্যাক্টরী এবং মেইনটেন্যান্স সাপোর্ট ফ্যাক্টরী) এর জন্য চুক্তিভিত্তিক/অস্থায়ী নিম্নবর্ণিত পদে নিয়োগ করা হবে। আবেদনকারী প্রার্থীগণকে নিম্নবর্ণিত যোগ্যতা সম্পন্ন হতে হবেঃ

ক্রঃ নং	পদবী/গ্রেড	যোগ্যতা	বেতন/সুবিধাদি	পরীক্ষার জন্য উপস্থিতির তারিখ ও সময়
১।	অফিসার (মার্চেন্টাইজিং) ০১ জন (চুক্তিভিত্তিক) ৯ম গ্রেডের সমমান	ক। যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে লেদার ইঞ্জিনিয়ারিং/ফুটওয়্যার ইঞ্জিনিয়ারিং/লেদার প্রোডাক্ট ইঞ্জিনিয়ারিং এ স্নাতক। খ। সংশ্লিষ্ট ক্ষেত্রে (মার্চেন্টাইজিং) ফুটওয়্যার কারখানায় ন্যূনতম ০২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। স্থানীয় ও বিদেশী বিখ্যাত ব্র্যান্ডসমূহের সাথে কাজের অভিজ্ঞতা থাকতে হবে। গ। ফুটওয়্যার/লেদার প্রোডাক্ট নকশা সম্পর্কে ধারণা থাকতে হবে। ঘ। ইংরেজী ও বাংলায় যোগাযোগে সার্বলীল হতে হবে। ঙ। কম্পিউটার পরিচালনা, মাইক্রোসফট এক্সেল চিঠিপত্র প্রস্তুতে দক্ষ হতে হবে। চ। গাজীপুরে অবস্থিত ফ্যাক্টরীতে দায়িত্ব পালন করতে হবে এবং প্রয়োজনে দেশের যে কোন স্থানে গমন করতে হবে।	ক। সর্বসাকুল্যে সর্বোচ্চ বেতন ৩৫,৮৮০.০০ টাকা, যার ৬০% মূল বেতন এবং ৪০% অন্যান্য ভাতা হিসেবে নির্ধারিত হবে। এছাড়াও নিয়মানুযায়ী অন্যান্য আর্থিক সুবিধাদি প্রাপ্ত হবে। খ। উৎসব ভাতাঃ সর্বসাকুল্যে বেতনের ৬০% প্রদান করা হবে। গ। নববর্ষ ভাতাঃ উৎসব ভাতার ২০% প্রদান করা হবে। ঘ। উক্ত কর্মকর্তা ৯ম গ্রেডের সমমর্যাদায় বিবেচিত হবেন।	০৫ নভেম্বর ২০২৩ ০৮০০ ঘটিকা
২।	সহকারী ফোরম্যান (মেকানিক্যাল) ০১ জন (অস্থায়ী) ১৪তম গ্রেড	ক। স্বীকৃত বোর্ড হতে সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (মেকানিক্যাল/সমমান) পাশ হতে হবে। খ। সিএনসি মেশিন, লেদ মেশিন, মিলিং মেশিন, রেডিয়াল ড্রিল মেশিন, ওভার হেড ফ্রেন, প্রেস মেশিন, কম্প্রেসরসহ বিভিন্ন মেশিনের হাইড্রোলিক সিস্টেম, গিয়ারবক্স মেরামতের ০৭ (সাত) বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।	ক। বাড়ী ভাড়াঃ প্রচলিত নিয়মানুযায়ী। খ। চিকিৎসা ভাতাঃ ১৫০০.০০ (এক হাজার পাঁচশত) টাকা। গ। যাতায়াত ভাতাঃ ৫০০.০০ (পাঁচশত) টাকা। ঘ। শিক্ষাভাতাঃ প্রচলিত নিয়মানুযায়ী। ঙ। উৎসব ভাতাঃ প্রচলিত নিয়মানুযায়ী। চ। নববর্ষ ভাতাঃ মূল বেতনের ২০%।	
৩।	হাই-স্কিল্ড টেকনিশিয়ান (মেকানিক্যাল) ০১ জন (অস্থায়ী) ১৫তম গ্রেড	ক। স্বীকৃত বোর্ড হতে সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (মেকানিক্যাল/সমমান) পাশ হতে হবে। খ। লেদ মেশিন, মিলিং মেশিন, রেডিয়াল ড্রিল মেশিন, ওভার হেড ফ্রেন, প্রেস মেশিন, কম্প্রেসরসহ বিভিন্ন মেশিনের হাইড্রোলিক সিস্টেম, গিয়ারবক্স মেরামতের ০৫ (পাঁচ) বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।	ছ। ইনসেন্টিভ বোনাস ও WPPF বোনাস প্রচলিত নিয়ম অনুযায়ী প্রদান করা যেতে পারে।	
৪।	হাই-স্কিল্ড টেকনিশিয়ান (ইলেকট্রিক্যাল) ১৫তম গ্রেড	ক। স্বীকৃত বোর্ড হতে সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (ইলেকট্রিক্যাল/সমমান) পাশ হতে হবে। খ। মেশিনের প্যানেল বোর্ড, VFD, PLC এবং অটোমেশন কাজে ০৫ (পাঁচ) বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।		

২। আবেদনকারীদের নাম, পিতার নাম, মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, নিজ জেলা, জন্ম তারিখ, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, জাতীয়তা, ধর্ম, চারিত্রিক সনদপত্র, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি, সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি, মোবাইল নম্বর ও পদের নাম উল্লেখ পূর্বক আবেদনপত্র আগামী ০১/১১/২০২৩ তারিখের মধ্যে বিএমটিএফ লিঃ এর প্রশাসনিক শাখা (এইচআরডি) তে ডাক/কুরিয়ার/হাতে হাতে পৌছাতে/জমা দিতে হবে। বিএমটিএফ লিঃ গাজীপুর এর অনুকূলে ২০০ (দুইশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৩। অস্থায়ী প্রার্থীদের লিখিত, ব্যবহারিক, মৌখিক ও ডাক্তারী পরীক্ষায় অংশগ্রহণের জন্য উপরোক্ত ছকের পদবীর নামের সামনে প্রদর্শিত উপস্থিতির তারিখে সকাল ০৮০০ ঘটিকায় এক কপি আবেদনপত্র এবং সকল সনদপত্রের মূল কপিসহ অত্র প্রতিষ্ঠানে উপস্থিত থাকতে হবে।

৪। আবেদনপত্র বাতিল বা সংরক্ষণসহ নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগ কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

স্থানঃ বিএমটিএফ, গাজীপুর সেনানিবাস

তারিখঃ ১৭ অক্টোবর ২০২৩

জেনারেল ম্যানেজার (এইচআরএম)

ব্যবস্থাপনা পরিচালকের পক্ষে